

আজকের পাঠ

সামাজিক ও রাজনৈতিক জীবন

(দ্বিতীয় ভাগ)

১) নেহরু তার লেখা কোন বইয়ে প্রকাশ করেছিলেন যে ' একতা বাইরে থেকে চাপিয়ে দেওয়ার কোনো বিষয় নয়, এটি ভারতের অন্তর্নিহিত গভীরতম সুপ্তশক্তি যা অসীম সহনশীলতা, সুদৃঢ় বিশ্বাস ও সমৃদ্ধ ঐতিহ্যের অনুসারী?

✓ ডিসকভারি অব ইন্ডিয়া

২) সমাজে বৈষম্য সৃষ্টি হওয়ার কারণ কি?

✓ কুসংস্কার ও গতানুগতিক ধারণা

৩) সমাজে অসাম্য সৃষ্টি হওয়ার কারণ কি?

✓ বিভিন্ন লোকের মধ্যে পেশায় বিভিন্নতা ও জাতিভেদ
মনোভাব

৪) কাদের দলিত বলে আখ্যায়িত করা হয়?

✓ সমাজে নিম্নবর্ণের মানুষদের

৫) দলিত কথার অর্থ কি?

✓ শোষিত, বঞ্চিত ও অবহেলিত

৬) ভারত সরকার দলিতদের সমাজের মূল শ্রোতে আনার জন্য তাদের কি বলে ঘোষণা করেছেন?

✓ তপশিল জাতিভুক্ত

৭) ড বি আর আম্বেদকর কে কেন সমাজে অস্পৃশ্য বলে মনে করা হতো?

✓ 'মাহার জাতিভুক্ত হওয়ায়।

৮) ড বি আর আশ্বেদকর কেন পরবর্তীকালে বৌদ্ধ ধর্ম গ্রহণ করেন?

✓ কারণ এই ধর্মে সমাজের সকলকেই সমান দৃষ্টিতে দেখা হয়।

৯) সমাজে বৈষম্যের শিকার কারা?

✓ দলিতগণ, মহিলাগণ, উপজাতি ও কৃষক রা বিশেষ করে ভূমিহীন কৃষক

১০) সাম্য এর ব্যপারে ভারতীয় সংবিধানে কি উল্লেখ করা হয়?

✓ সকল ভারতীয় সমান অধিকার, মর্যাদা ও সমান সুযোগ সুবিধা লাভের অধিকারী।

১১) অস্পৃশ্যতা সমন্ধে সংবিধানে কি বলা হয়?

✓ সংবিধানে অস্পৃশ্যতা কে একটি অপরাধ বলে গণ্য করা হয় এবং আইনসম্মত ভাবে একে রদ করা হয়। তার সাথে বলা হয় যে সমাজের প্রতিটি নাগরিকের নিজ নিজ ধর্ম, ভাষা, আচার ব্যবহার, রীতিনীতি, উৎসব ও আত্মপ্রকাশের সম্পূর্ণ স্বাধীনতা রয়েছে।

১২) ভারত একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র এর অর্থ কি?

✓ ভারতে প্রতিটি নাগরিক নির্ভয়ে এবং স্বাধীনভাবে যেকোনো ধর্ম পালন, পোষন ও প্রচার করতে পারে।

১৩) লিঙ্গ বৈষম্য কি?

✓ সমাজে নারী – পুরুষ ও ছেলে – মেয়ে প্রকার ভেদে সমাজের পক্ষ থেকে যে কর্ম এমনকি আচরণ নির্দিষ্ট করা হয়।

১৪) কেন মহিলাদের দ্বারা কাজগুলো সমাজে কাজ বলে গণ্য করা হয় না?

✓ লিঙ্গবৈষম্য তার দরুন

১৫) মহিলাদের উপর বিশেষ করে কি দায়িত্ব থাকে?

✓ গৃহকর্ম, সেবাযত্ন এবং পরিবারের সদস্যদের বিশেষ করে শিশু, বয়স্ক এবং অসুস্থ সদস্যদের সেবাযত্ন করা।

১৬) সমাজের লিঙ্গবৈষম্য ও গতানুগতিক মতবাদকে অগ্রাহ্য করে ভারতের কোন নারী প্রথম বারের মত রেল গাড়ির ইঞ্জিন ড্রাইভার হয়েছিলেন?

✓ ঝাড়খণ্ড রাজ্যের এক গরীব উপজাতির পরিবারের মেয়ে লক্ষ্মী লাকরা।

১৭) রমাভাই কে?

✓ রমা ভাই হলেন সমাজে নারীশিক্ষা প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করেন। তাকে পণ্ডিতা উপাধি প্রদান করা হয়েছিল।

১৮) নারীদের অধিকার রক্ষার উদ্দেশ্যে আন্তর্জাতিক নারী দিবস কবে পালন করা হয়?

✓ ৮ মার্চ

১৯) কিসের মাধ্যমে সমাজের লিঙ্গ বৈষম্যকে দূর করা সম্ভব হবে?

✓ উপযুক্ত শিক্ষার মাধ্যমে।

২০) Global gender gap index এ ভারতের স্থান
কত?

✓ ১১২ তম (১৫৩ টি দেশের মধ্যে)

সমাপ্ত

ধন্যবাদ

